আমঝুপিতে বঙ্গবন্ধুর ৪৬ তম মৃত্যু বার্ষিকী পালন

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে ১৫ই আগস্ট জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম মৃত্যুবার্ষিকীতে দিনব্যাপী নান কর্মসূচি ঘোষণা করা হয়েছে। রবিবার সকালে দলীয় ও জাতীয় পতাকা উত্তোলন মধ্যদিয়ে দিনের সূচনা করা হয়। আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে পতাকা উত্তোলন করেন।

এসময় সভাপতি মতিয়ার রহমান, সাধারন সম্পাদক আনোয়ার সাদাত, কৃষকলীগের আহবায়ক মহাবুল হক, জেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক সাইদুর রহমান, ৭ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আসাদুল হক মন্টু, ফারুক, জাকির হোসেন, আজাহার, আবুল কালাম আরিফ, আব্দুল্লাহ আল মামুন মিল্টন উপস্থিত ছিলেন। অপরদিকে আমঝুপি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে জাতীয় পতাকা উত্তোলন করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক সহিদুল ইসলাম। এসময় সেখানে ১৫ আগষ্টে নিহত সকলের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া অনুষ্ঠিত হয়।

দোয়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সভাপতি বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান, সহকারী প্রধান শিক্ষক হাফিজুজ্জামান, সহকারী শিক্ষক আবুল হাসান, শরিফ আহমেদ, হাবিবুর রহমান, ফারাহ হোসেন লিটন, আল্হাজ, বশির আহমেদ, আসাদুলহক, রাফিউল ইসলাম উপস্থিত ছিলেন। এছাড়াও আমঝুপি বি এ ডি সি ফার্মে জাতীয় পতাকা উত্তোলন করেন ও শোক পতাকা উত্তোলন করেন ডাল তৈল ও খামার উপ পরিচালক মোঃ আব্দুল্লাহ আল মামুন, ডাল ও তৈল প্রক্রিয়া উপ পরিচালক, জিয়াউর রহমান, উপ পরিচালক মোঃ আবু তাহের সরদার দোয়ার অনুষ্ঠান করেন।

গাংনীতে নানা কর্মসূচীর মধ্য

দিয়ে পালিত হচ্ছে জাতীয় শোক দিবস

নানা কর্মসূচীর মধ্য দিয়ে মেহেরপুরের গাংনীতে পালিত হচ্ছে জাতীয় শোক দিবস। দিবসটি উদযাপন উপলক্ষে গাংনী উপজেলা প্রশাসনের উদ্যোগে মুক্তিযোদ্ধা কমপ্লেক্সে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক ও গাংনী পৌর মেয়র আহমেদ আলী, গাংনী থানার অফিসার ইনচাজর্ (ওসি)বজলুর রহমান। এসময় মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিলের সদস্য ও পুলিশ বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

পতাকা উত্তোলন, শোক শোভাযাত্রা, জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ ও দো’আ মোনাজাতের মধ্য দিয়ে শোককে শক্তিতে রপান্তরিত করার প্রত্যয় ব্যক্ত করেন গাংনী উপজেলা আওয়ামীলীগ ও এর অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।
সকাল সাড়ে নয়টার দিকে গাংনী বাস স্ট্যান্ডে জাতীয়, দলীয় ও অঙ্গ সহযোগী সংগঠনের পতাকা উত্তোলন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন গাংনী উপজেলা আওয়ামীলীগ সভাপতি ও মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা।

পতাকা উত্তোলন শেষে বিভিন্ন এলাকা থেকে আসা নেতাকর্মীদের নিয়ে শোক শোভযাত্রা শুরু হয়। পরে উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করা হয়। পুষ্পার্ঘ অর্পণ শেষে উপজেলা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা ও দো’আ মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জেলা আ.লীগের কৃষি বিষয়ক সম্পাদক ফজলুল হক, সাবেক সাংগঠনিক সম্পাদক মোখলেছুর রহমান মুকুল, উপজেলা আ.লীগের সহ সভাপতি আকরাম হোসেন খান, সাংগঠনিক সম্পাদক নজরুল ইসলাম, মনিরুজ্জামান, যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল হুদা বিশ^◌াস, জেলা আ.লীগের ত্রাণ ও পুনর্বাসন বিষয়ক সম্পাদক কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান রানা, যুবলীগ নেতা ও মটমুড়া ইউপি চেয়ারম্যান সোহেল আহম্মেদ, সাহারবাটি ইউপি চেয়াম্যান গোলাম ফারুক,জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিত মুর্শেদ অতুল, যুবলীগের কেন্দ্রীয় নেতা রেজাউল ইসলাম, জেলা ছাত্রলীগ সাধারণ

সম্পাদক মুনতাছির জামান মৃদুল, উপজেলা স্বেচ্ছাসেবক লীগ আহবায়ক আবুল বাসার, যুগ্ম আহবায়ক দেলোয়ার হোসেন মিঠু, শ্রমিক লীগ সভাপতি মিজানুর রহমান মজনু, উপজেলা ছাত্রলীগ সভাপতি আমিনুল ইসলাম সেন্টু ও সাধারণ সম্পাদক নাসিরুল মোহনসহ আওয়ামী লীগ ও অঙ্গ সহযোগী সংগঠনের উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড নেতৃবৃন্দ।

মেহেরপুরে জাতীয় শোক দিবসে বিজিবির খাদ্য বিতরণ

স্বাধীনতার মহান স্থাপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে ২ শতাধিক অসহায় ও দুস্থদের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

রবিবার দুপুরে মেহেরপুরের মুজিবনগর সহ কয়েকটি বিওপিতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন ৬ বিজিবি’র উদ্যোগে খাদ্য বিতরণের পাশাপাশি কোরআন খতম ও বিশেষ দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

এসময় চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন ৬ বিজিবি অধিনায়ক লে: কর্নেল মোহাম্মদ খালেকুজ্জামান পিএসপি ও সহকারী পরিচালক শেখ মোহাম্মদ ইমরান আলী সহ ক্যাম্প কমান্ডার বৃন্দ উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে জাতীয় শোক দিবস পালন

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস পালিত হয়েছে।আজ সকাল ৮.০০ সময় ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদে পতাকা উত্তলন

করেন। পতাকা উত্তলন শেষে দোয়ার মাধ্যেমে অনুষ্ঠানের সমাপ্তি করেন।উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের ত্রান ও সমাজ কল্যান সম্পাদক ও কাথুলী ইউ পি চেয়ারম্যান মিজানুর রহমান রানা।ইউ পি মেম্বার সদস্য বৃন্দ,যুবলীগ সদস্য বৃন্দ, ছাত্রলীগ সদস্য বৃন্দ সহ আরো অনেকেই উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে কথন সাংস্কৃতিক সংসদ-কসাসের আয়োজনে আলোচনা সভা ও কবিতা পাঠ

জয় বাংলা ইয়ুথ এওয়ার্ড প্রাপ্ত সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন ঝিনাইদহের কথন সাংস্কৃতিক সংসদ – কসাসের আয়োজনে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে রবিবার সকাল ৯ টায় বঙ্গবন্ধুর মোরালে পুষ্পস্তবক অর্পণ পর ঝিনাইদহ পৌর ইকোপার্ক সংলগ্ন দেবদারু এভিনিউ চত্ত্বরে তরুণ সাংস্কৃতিক কর্মীদের উপস্থিতিতে কবিতা পাঠ ও আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত হয়ে বক্তব্য প্রদান করেন
কথন সাংস্কৃতিক সংসদ সসাস এর সাবেক সহ-সভাপতি সফিকুল ইসলাম জুয়েল, সভাপতি অন্তর মাহমুদ, সহ সভাপতি রাসেল আহমেদ শুভ, সহ-সাধারণ সম্পাদক ইসরাত জাহান মৌ, সাংগঠনিক সম্পাদক ফিরোজ মিয়া সহ অন্যান্য কর্মীবৃন্দ। আলোচনা সভা পরবর্তীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিয়ে কবিতা পাঠের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

ঝিনাইদহে হোমিওপ্যাথিক এসোসিয়েশনের আয়োজনে আলোচনা সভা ও দোয়া মাহফিল

জাতীয় শোক দিবস উপলক্ষে ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশন এর আয়োজনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত।ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশনের আয়োজনে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে রবিবার সকাল ১০ টায় বঙ্গবন্ধুর মোরালে পুষ্পস্তবক অর্পণ পর স্টেডিয়াম সংলগ্ন জেলা হোমিওপ্যাথিক কার্যালয়ে সকল হোমিওপ্যাথিক ডাক্তারদের উপস্থিতিতে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। আলোচনা সভায় বক্তব্য রাখেন
ঝিনাইদহ জেলা হোমিওপ্যাথিক এসোসিয়েশনের সাধারণ সম্পাদক ডা বসির আহমেদ,ডা নাজের আলী,ডা নুরুল ইসলাম, ডা সেলিনা রহমান বিউটি,ডা নাজমুল ইসলাম সহ অন্যান্য ডাক্তার বৃন্দ। আলোচনা শেষে দোয়া মাহফিল পরিচালনা করেন ডা আনোয়ার হোসেন।

মেহেরপুরে জেলা পরিষদের আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান পালন

মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদাত বার্ষিকীত উপলক্ষে দোয়া অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হয়।

রবিবার সকাল ১০ টার সময় মেহেরপুর জেলা পরিষদের হল রুমে এই দোয়া অনুষ্ঠান ও আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত দোয়া অনুষ্ঠানে ভক্তদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল।

এ সময় এই দোয়া অনুষ্ঠান ও আলোচনা সভায় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা পরিষদের প্রধান সহকারী জিল্লুর রহমান মেহেরপুরে জেলা পরিষদের চেয়ারম্যানের গোপনীয় সহকারি শাহীন ইকবাল , জেলা পরিষদের সদস্য আজিমুল বারী মুকুল এবং মোছাঃ নার্গিস আরা সহ অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে যথাযথ মর্যাদায় জাতীয় শোক দিবস পালন

মেহেরপুরে যথাযথ মর্যাদায় স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

রবিবার সকালে শাহাদত বার্ষিকী উপলক্ষে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে বিশেষভাবে তৈরি মঞ্চে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, মিলাদ মাহফিল, দোয়া ও রক্তদান কর্মসূচীর মধ্যদিয়ে অনুষ্ঠানের আয়োজন করা হয়।

জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান, জেলা ও দায়রা জজ এসএম আব্দুস সালাম ও পুলিশ সুপার মোঃ রাফিউল আলম প্রথমে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের পক্ষে পুস্পমাল্য অর্পণ করেন। এরপর জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান জেলাবাসীর পক্ষে এবং পরে জেলা মুক্তিযোদ্ধা সংসদের পক্ষে পৃথক পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করেন।

পুষ্পমাল্য অর্পণ অনুষ্ঠানে জেলা পুলিশের পক্ষে পুলিশ সুপার মোঃ রাফিউল আলম, মেহেরপুর জেলা আওয়ামী লীগ,স্বাস্থ্য বিভাগের পক্ষে মেহেরপুর সিভিল সার্জন ডাঃ মোঃ নাসির উদ্দীন,পৌরসভা ও যুবলীগের পক্ষে, মেয়র ও জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন,জেলা পরিষদের পক্ষে জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, মেহেরপুর সদর উপজেলা ও পৌর আওয়ামীলীগের পক্ষে উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, আওয়ামী সেচ্ছাসেবক লীগ, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের পক্ষে সুপার ডাঃ মোঃ রফিকুল

আলম, পুস্পমাল্য অর্পণ করেন। মেহেরপুর জেলা মহিলা লীগ, মেহেরপুর সরকারী কলেজ, মেহেরপুর এলজিইডি, গণপূর্ত বিভাগ, সড়ক ও জনপথ বিভাগ, পাসপোর্ট অফিস, জেলা আইনজীবী সমিতি মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর আনসার ও ভিডিপি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, মেহেরপুর জেলা যুব উন্নয়ন অধিদপ্তর, মেহেরপুর এনজিও সমিতি পৃথক পৃথকভাবে পুষ্পমাল্য অর্পণ করেন।

এসময় অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) হাফিজ-আল-আসাদ, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন) জামিরুল ইসলাম, (সার্কেল) অপু সরোয়ার,সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের আহ্বায়ক প্রফেসর হাসানুজ্জামান মালেক, প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান, ডিবির ওসি জুলফিকার আলীসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রধানরা সেখানে উপস্থিত ছিলেন।

সীমিত পরিসরে মুজিবনগরে শোক দিবস পালন

করোনা মহামারির কারনে মুজিবনগরে সীমিত পরিসরে স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকী জাতীয় শোক দিবস পালিত হয়েছে।

রবিবার সকালে শাহাদত বার্ষিকী উপলক্ষে মুজিবনগর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

দিবসটি উপলক্ষে রবিবার সকাল সাড়ে ৮টায় মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মতিৃ কমপ্লেক্স এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি)আব্দুল হাশেম ও পুলিশ পরিদর্শক(তদন্ত)শরিফুল ইসলাম। এরপর মুজিবনগর টুরিষ্ট পুলিশ,

উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ,উপজেলা আওয়ামীলীগ, উপজেলা ছাত্রলীগসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে পুষ্পমাল্য অর্পন করেন।

এ সময় মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস,সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু,মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান তৌফিকুল বারী বকুলসহ বিভিন্ন নেতাকর্মিরা উপস্থিত ছিলেন।

জাতির জনক বঙ্গবন্ধু প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন শেষে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে মুজিবনগর উপজেলা মিলনয়াতনে জাতির জনক বঙ্গবন্ধুর জীবনির উপর আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে পৃথক অভিযানে গাঁজা মদ ও ইয়াবাসহ ৩ জন গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়ীয়া এলাকায় অভিযান চালিয়ে মহাবুল (২৩), হাজেরা খাতুন (৩৫) ও মেহেরপুর সদর উপজেলার কালীগাংনী এলাকা থেকে মোঃ জিয়া (৪৫) নামের তিন জনকে গাঁজা, ইয়াবা ও ভারতীয় মদসহ আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ। শনিবার বিকেলে ও রাতে পৃথক পৃথক সময়ে তাদের আটক করা হয়।

আটককৃত মহাবুল কুষ্টিয়া জেলার দৌলতপুর থানার নাটনাপাড়া এলাকার লালচাঁদ আলীর ছেলে ও হাজেরা খাতুন গাংনী উপজেলার কাজীপুর বর্ডারপাড়ার সেন্টুর স্ত্রী। জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ওসি জুলফিকার আলী জানান, জেলায় মাদকবিরোধী অভিযানের ধারাবাহিকতায় গোপন সূত্রে জানতে পেয়ে এসআই হাবিবুর রহমানের নেতৃত্ব এসআই রুবেল আহমেদ, এএসআই আহসান হাবীব সহ সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী উপজেলার বেতবাড়িয়ায় অভিযান পরিচালনা করা হয়।

এসময় বিভিন্ন ব্রান্ডের ভারতীয় মদ ৬ বোতল যার ওজন চার লিটার সহ হাজেরা খাতুনকে আটক করা হয়। একই এলাকা থেকে মহাবুলকে ২২পিস ইয়াবাসহ আটক করা হয়।

অপরদিকে এসআই (নিঃ) অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এএসআই (নিঃ) মাহাতাব উদ্দিন, এএসআই (নিঃ) এএসআই (নিঃ) হেলাল উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে মেহেরপুর সদরের কালীগাংনী এলাকায় অভিযান চালিয়ে ৯০ গ্রাম গাাঁজাসহ আটক করে। মোঃ জিয়া গাংনী উপজেলার নোয়াপাড়া মাঠপাড়ার আবুবক্কর এর ছেলে। তাদের বিরুদ্ধে গাংনী থানায় ও জিয়ার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।